



রাজধানীতে ট্রাফিক আইন লঙ্ঘনে একদিনে ডিএমপি'র ১২৪৭ মামলা



ছবি: সংগৃহীত

ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগে রাজধানীতে গত ২৪ ঘণ্টায় ১ হাজার ২৪৭টি মামলা করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ। এ সময় ৫৮৯টি গাড়ি ডাম্পিং এবং ৪০০টি গাড়ি রেকার করা হয়েছে।

শনিবার (২৪ অক্টোবর) রাজধানীর আটটি ট্রাফিক বিভাগে দিনভর এ অভিযান চালানো হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ডিএমপি'র মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী।

ডিএমপি সূত্রে জানা গেছে, অভিযানে মামলার আওতায় আসা যানবাহনের মধ্যে মোটরসাইকেল, বাস, সিএনজি ও কাভার্ডভ্যান উল্লেখযোগ্য।

বিভাগভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি ২৭৮টি মামলা হয়েছে গুলশানে। এর মধ্যে বাস ৩১টি, ট্রাক ৭টি, কাভার্ডভ্যান ২০টি, সিএনজি ৪৪টি ও মোটরসাইকেল ৯৪টি।

উত্তরা বিভাগে ২৩৫টি মামলার মধ্যে বাস ৩৯টি, ট্রাক ২টি, কাভার্ডভ্যান ১৮টি, সিএনজি ৪৭টি ও মোটরসাইকেল ৬০টি। মতিঝিল বিভাগে ২০৭টি মামলার মধ্যে বাস ১০টি, ট্রাক ১টি, কাভার্ডভ্যান ১২টি, সিএনজি ৫৪টি ও মোটরসাইকেল ৯৮টি মামলা হয়েছে।

এ ছাড়া মিরপুর বিভাগে ১৯৬টি, ওয়ারীতে ১৩৯টি, লালবাগে ৮৬টি, তেজগাঁওয়ে ৫৬টি এবং রমনা বিভাগে ৫০টি মামলা করা হয়েছে।

ডিএমপি জানিয়েছে, রাজধানীতে ট্রাফিক শৃঙ্খলা বজায় রাখা ও সড়ক পরিবহন আইন কার্যকর করতে এ ধরনের অভিযান নিয়মিত চলবে।